

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯৭৮

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - নতুন চাঁদ দেখার বর্ণনা

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: جَاءَ أَعْرَابِيُّ إِلَى النَّبِيِّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: إِنِّي رَأَيْتُ الْهِلَالَ يَعْنِي هِلَالَ رَمَضَانَ فَقَالَ: «أَتَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ؟» قَالَ: نَعَمْ قَالَ: «أَتَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ؟» قَالَ: نَعَمْ قَالَ: «أَتَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ؟» قَالَ: مَعْمُ قَالَ: «يَا بِلَالُ أَذِّنْ فِي النَّاسِ أَن يَصنُومُوا غَدا» . رَوَاهُ أَدِّنْ فِي النَّاسِ أَن يَصنُومُوا غَدا» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهُ والدارمي

বাংলা

১৯৭৮-[২০] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একজন গ্রাম্য 'আরব নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এলো এবং বলল, আমি চাঁদ দেখেছি অর্থাৎ- রমাযানের চাঁদ। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, তুমি কি সাক্ষ্য দিচ্ছো আল্লাহ ছাড়া প্রকৃতপক্ষে আর কোন ইলাহ নেই। সে বলল, হ্যাঁ। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তুমি কি সাক্ষ্য দিচ্ছো যে, মুহাম্মাদ আল্লাহর রসূল? সে বলল, জ্বি। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ হে বিলাল! লোকদের মধ্যে ঘোষণা করে দাও, আগামীকাল যেন সওম রাখে। (আবূ দাউদ, তিরমিয়ী, নাসায়ী, ইবনু মাজাহ, দারিমী)[1]

ফটনোট

[1] য'ঈফ: আবৃ দাউদ ২৩৪০, তিরমিয়া ৬৯১, নাসায়া ২১১৩, ইবনু মাজাহ ১৬৫২, দারাকুত্বনা ২১৫৩, মুসতাদারাক লিল হাকিম ১৫৪৩, সুনানুল কুবরা লিল বায়হাকী ৭৯৭৩, ইরওয়া ৯০৭। কারণ এর সানাদে 'সিমাক ইবনু হারব' যিনি এর সানাদে গড়বড় করেছেন একবার মুন্তাসিল সানাদে আর একবার মুরসাল সানাদে বর্ণনা করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَتَشْهَدُ أَنْ لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ؟) "তুমি কি এ সাক্ষ্য দাও যে, আল্লাহ ছাড়া প্রকৃতপক্ষে আর কোন ইলাহ নেই" হাদীসের এ অংশ প্রমাণ করে যে, সাক্ষ্য গ্রহণের ক্ষেত্রে ইসলাম শর্ত।



(أَذِّنْ فِي النَّاسِ أَنْ يَصنُوْمُوْا غَدًا) "लোকদের মাঝে ঘোষণা করে দাও তারা যেন আগামীকাল সিয়াম পালন শুরু করে।"

হাদীসের এ অংশ থেকে জানা গেল যে, শুধুমাত্র একজন ব্যক্তির খবর তথা সাক্ষ্য গ্রহণযোগ্য। বিশেষ করে রমাযান (রমজান) মাস প্রবেশের ক্ষেত্রে একজনের সংবাদ যথেষ্ট। সিন্দী বলেন, একজন ব্যক্তির সংবাদ তখনই গ্রহণযোগ্য, যখন আকাশে এমন কিছু ঘটে যা চাঁদ দেখায় বাধা সৃষ্টি করে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন